



জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ info@nhrc.org.bd

অভিযোগ নং-সুয়োমটো ঢা.৩৮/২২

অভিযোগকারী -

জাতীয় মানবাধিকার কমিশন

বনাম

প্রতিপক্ষ -

ক্রমিক নং	তারিখ	আদেশ	মন্তব্য
০১	২৮/১২/২০২২	<p>গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ দৈনিক সমকাল পত্রিকায় “চলন্ত গাড়িতে তরুণীকে সংঘবদ্ধ ধর্ষণ, গ্রেপ্তার ২” শিরোনামে প্রকাশিত সংবাদ প্রতিবেদনের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে।</p> <p>প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, রাজধানীর উত্তরায় চলন্ত প্রাইভেটকারে তরুণীকে সংঘবদ্ধ ধর্ষণের ঘটনায় দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ২৬ ডিসেম্বর রাতে নাজমুল হাসান সিজান ও আবু রায়হান নামে দুই অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়। ২৭ ডিসেম্বর তারা আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। তারা পেশায় গাড়িচালক। পুলিশ জানিয়েছে, ভুক্তভোগী তরুণী একটি বিডিটি পার্কারে চাকরি করেন। গত ২৫ ডিসেম্বর তরুণী উত্তরা ৭ নম্বর সেক্টরে এক বন্ধুর বাসায় যান। সেখানে আটকে রেখে নাজমুল হাসান সিজান ও আবু রায়হানসহ তাদের আরও দুই সহযোগী টাকা দাবি করেন। তরুণী টাকা দিতে অস্বীকৃতি জানালে বন্ধুসহ তরুণীকে আপত্তিকর অবস্থায় পাওয়া গেছে বলে অভিভাবকদের জানিয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়। এতে আতঙ্কে তরুণীর বন্ধু টাকা জোগাড়ের জন্য বাইরে যান। এ সুযোগে সিজান ও রায়হানসহ চারজন তরুণীকে একটি প্রাইভেটকারে তুলে রাজধানীর বিভিন্ন সড়কে নিয়ে যান। এসময় চলন্ত গাড়িতে চারজনই ওই তরুণীকে ধর্ষণ করে। এরপর গভীর রাতে তরুণীকে উত্তরা পশ্চিম এলাকায় নামিয়ে দেওয়া হয়। এ বিষয়ে উত্তরা পশ্চিম থানার ওসি মোহাম্মদ মহসীন বলেন, ভুক্তভোগী তরুণী ২৬ ডিসেম্বর থানায় মামলা করেন। রাতে সিজান ও রায়হান গ্রেপ্তার করা হয়। গত ২৭ ডিসেম্বর তাদের আদালতে হাজির করলে তারা ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেয়। এ ঘটনার সঙ্গে জড়িত অপর দুই আসামিকেও গ্রেপ্তারের চেষ্টা চলছে বলে জানান পুলিশের এই কর্মকর্তা।</p> <p>প্রায়ই চলন্ত গাড়িতে ধর্ষণের ঘটনা ঘটে যা অত্যন্ত উদ্বেগজনক এবং মানবাধিকারের চরম লঙ্ঘন। এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি রোধে আইনশৃঙ্খলা বাহিনীকে আরও তৎপর হওয়া উচিত মর্মে কমিশন মনে করে। এমতাবস্থায়, উক্ত ঘটনায় দায়েরকৃত মামলার সর্বশেষ অগ্রগতির প্রতিবেদন কমিশনে প্রেরণ করতে পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা-কে বলা হল। আদেশের অনুলিপি সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হল।</p> <p>পরবর্তী তারিখ ০৬/০৩/২০২৩ প্রতিবেদনের জন্য।</p> <p>স্বাক্ষরিত/- ড. কামাল উদ্দিন আহমেদ চেয়ারম্যান জাতীয় মানবাধিকার কমিশন</p>	

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/সুয়োমটো ঢা.৩৮/২২- ৪০৭৩(২)

তারিখ: ২৮/১২/২০২২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

০১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ০৬, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০।

সংযুক্তঃ ফর্দ।

(সুস্মিতা পাইক)
উপপরিচালক

ফোন:-০২-৫৫০১৩৭২১